

ভারত বন্‌ধের জেরে জেহানাবাদে মৃত্যু ২ বছরের শিশুকন্যার, রাহুলকেই দায়ী করল বিজেপি

জেহানাবাদ, ১০ সেপ্টেম্বর : দেশজুড়ে যখন ভারত বন্‌ধের সাফল্য বা অসাফল্য নিয়ে চুলচেরা হিসেব করতে বসেছে রাজনৈতিক দলগুলি, ঠিক তখনই বিহারের জেহানাবাদে এই বন্‌ধের জেরে ঠিক সময়ে হাসপাতালে না পৌঁছতে পারায় মৃত্যু হল ২ বছরের একটি শিশুকন্যার। কারণ ভারত বন্‌ধের জেরে সে সময় ওই রাস্তায় ব্যাপক ট্রাফিক যানজট ছিল। মৃত শিশুকন্যাটি ও তার পরিবার যখন জেহানাবাদের একটি অসামরিক হাসপাতালে যাচ্ছিল, সেই সময় ব্যাপক যানজট ছিল রাস্তায়। ফলে আটকে পড়ে অসুস্থ শিশুটিকে নিয়ে যাওয়া গাড়ি। ঠিক সময় পৌঁছতে না পারায় তার চিকিৎসাও শুরু করা যায়নি। হাসপাতালে পৌঁছনোর পরই তার মৃত্যু হয়।

এই শিশুমৃত্যুর জেরে পরিবার যখন প্রবল ক্ষুব্ধ এবং শোকে ভেঙে পড়েছে, ঠিক তখনই কেন্দ্রীয় তথ্য ও প্রযুক্তিমন্ত্রী রবিশংকর প্রসাদ এই মৃত্যুর জন্য দায়ী করলেন রাহুল গান্ধিকে। তাঁর দাবি, শিশুকন্যাটির মৃত্যুর জন্য জবাব দিতে হবে কংগ্রেস সভাপতিকেই। যদিও হাসপাতাল কর্তৃপক্ষ ট্রাফিক জ্যামের কারণে শিশুটির মৃত্যু হয়েছে বলে মানতে রাজি হননি।

সোমবার ছিল ভারত বন্‌ধ। কংগ্রেসই এই বন্‌ধের ডাক দেয়। সিপিএম সহ বাম দলগুলি বন্‌ধকে সমর্থন করে। মূলত নিত্যপ্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধি, রান্নার গ্যাসের আকাশছোঁয়া দাম এবং জ্বালানির দাম রেকর্ড ছোঁয়ার প্রতিবাদে কংগ্রেস এই বন্‌ধের ডাক দেয়। সিপিএম সহ বাম দলগুলি বন্‌ধকে সমর্থন করে। তৃণমূল কংগ্রেস নৈতিক সমর্থন জানায়। মহারাষ্ট্রের শিবসেনাও বন্‌ধকে সমর্থন করে। কংগ্রেসের ডাকা বন্‌ধ শুরু হয় সকাল ৯টা থেকে। প্রসঙ্গত, এই বন্‌ধকে সমর্থন জানিয়েছে রাষ্ট্রীয় জনতা দল, হিন্দুস্তানি অওম মোর্চা এবং পাপ্পু যাদবের জন অধিকার পার্টি। কংগ্রেসের নেতৃত্বে বহু বিরোধী দলই সোমবার আলাদা করে বিহার বন্‌ধেরও ডাক দেয়। দেশজুড়ে পেট্রোল ও ডিজেলের রেকর্ড পরিমাণ দাম বাড়ার জন্য এই বন্‌ধের ডাক দেওয়া হয়। বিহারে কংগ্রেসের শরিক আরজেডি-র যথেষ্ট প্রভাব রয়েছে। ফলে বন্‌ধের কারণে বিহারে স্বাভাবিক জনজীবন ব্যাহত হয়। পাটনাতেও নানারকম ঘটনা ঘটে। লোকতান্ত্রিক জনতা দলের কর্মীরা একটি মোটরবাইককে কাঁধে চাপিয়ে মিছিল করেন। তেলের দাম বাড়ার জন্যই এই অভিনব উপায়ে প্রতিবাদ জানান তারা। এছাড়া দলীয় ক্যাডাররা প্রায় এক ডজন ট্যাক্সি, বাস এবং টু-হুইলার ভেঙে দেয়।

বিভিন্ন বিরোধী দলের বিক্ষোভকারীদের রাস্তায় দেখা যায়। বহু জায়গাতেই তারা পুলিশের সঙ্গে সংঘর্ষে জড়িয়ে পড়েন। পাটনা, গয়া, ভোজপুর, জেহানাবাদ, খাগাড়িয়া, মধুবনী, সাগরসা, দ্বারভাঙা, বাঁকা, ভাগলপুর, শেখপুরা এবং মুজফ্‌ফরপুরে রেলস্টেশনগুলিতে বিক্ষোভ দেখানো হয়। ফলে প্রায় এক ডজন দূরপাল্লার গাড়ি এবং প্যাসেঞ্জার ট্রেন আটকে যায় সেখানে। জাতীয় এবং রাজ্য সড়কগুলিও বন্‌ধের সমর্থকরা অবরোধ করেন। ফলে ঘণ্টার পর ঘণ্টা থমকে যায় রেল এবং সড়ক পরিষেবা। এছাড়া কোথাও কোথায় বন্‌ধের সমর্থকদের রাস্তার উপরে গাড়ি চলাচলে বাধা দেওয়ার জন্য টায়ার পোড়াতেও দেখা যায়। বন্‌ধের কারণেই রাজ্যজুড়ে বন্ধ ছিল স্কুল-কলেজগুলি। দোকান, বাজার এবং বাণিজ্যিক কেন্দ্রগুলিও পুরোপুরি বন্ধ ছিল। রাজ্যে আইনশৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখতে বাড়তি নিরাপত্তাকর্মী মোতায়েন করা হয়।

বিহারের বন্‌ধে সাফল্য-অসাফল্যের চুলচেরা বিশ্লেষণ করতে যখন ব্যস্ত রাজনৈতিক দলগুলি, ঠিক তখনই জেহানাবাদে হাসপাতালে যাওয়ার পথে অসুস্থ মেয়েটির গাড়ি যানজটে আটকে পড়ায় ঠিক সময়ে সে পৌঁছতে পারেনি চিকিৎসার জন্য। ফলে হাসপাতালে নিয়ে যাওয়ার কিছু পরেই তার মৃত্যু হয়। শিশুটির বাবা-মা দাবি করেন, যদি গাড়িটিকে যাওয়ার অনুমতি দেওয়া হত, তবে হয়তো তার প্রাণ বেঁচে যেত। হাসপাতাল কর্তৃপক্ষ অস্বীকার করেছেন ট্রাফিক জ্যামের শিশুকন্যাটির মৃত্যুর কারণ বলে। এই শিশুমৃত্যুটিকে ঘিরে সঙ্গে সঙ্গে রাজনৈতিক দলগুলি আসরে নেমে পড়ে। বিজেপি দায়ী করে কংগ্রেস সভাপতিকে। তাদের মতে, যদি ঠিকঠাক সময়ে হাসপাতালে পৌঁছানো সম্ভব হত, তবে শিশুটি প্রাণে বেঁচে যেত। জেহানাবাদের এসডিও পরিতোষ কুমারও দাবি করেছেন, ট্রাফিক জ্যাম বা বন্‌ধের সঙ্গে শিশুমৃত্যুর কোনও সম্পর্ক নেই। তার আত্মীয়রা অসুস্থ শিশুটিকে নিয়ে অনেক দেরি করে হাসপাতালে পৌঁছান। ফলে ঠিক সময়ে হাসপাতালে পৌঁছে চিকিৎসা শুরু করা সম্ভব হয়নি শিশুটির।

সরকার পরিচালিত বিমানবন্দরগুলিতে ন্যায্যমূল্যে মিলবে জল, এবং চা-টা

নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর : সরকার পরিচালিত বিমানবন্দরগুলিতে এখন থেকে ন্যায্যমূল্যে বেশকিছু কাউন্টারে মিলবে চা ও টা। সেইসঙ্গে মিলবে জলও। এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া সম্প্রতি একথা জানিয়েছেন। এএআই-এর এক আধিকারিকের দাবি, কোনও কোনও বিমানবন্দরে ইতিমধ্যেই এইসব কাউন্টার থেকে সফট্ ড্রিঙ্ক এবং প্যাকেটজাত পানীয় জল ন্যায্যমূল্যে পাওয়া যাচ্ছে। যার ফলে যাত্রীরা যথেষ্ট উপকৃত হচ্ছেন। বিমানযাত্রীরা বিভিন্ন সময়ে এয়ারপোর্ট টার্মিনালের কাউন্টারগুলিতে খাবার এবং পানীয় জলের দাম অনেক বেশি বলে অভিযোগ করেছেন। বিভিন্ন সময়ে সাংসদরাও এই ইস্যুটি সংসদে তুলেছেন। চলতি বছরের মার্চ মাসে কংগ্রেসের প্রবীণ নেতা পি চিদম্বরম ট্যুইট করে রীতিমতো বিরক্তি প্রকাশ করেন চেন্নাই বিমানবন্দরে এক কাপ চায়ের চড়া দাম নিয়ে। এএআই আধিকারিকরা জানিয়েছেন, সারা দেশে এই মুহূর্তে ৯০টিরও বেশি বিমানবন্দরে এ ধরনের কাউন্টার খোলা হয়েছে। নয়াদিল্লি, মুম্বই এবং বেঙ্গালুরুতে মূলত বেসরকারি উদ্যোগেই এই ধরনের কাউন্টার খোলা হলেও সেখানে ন্যায্যমূল্যে চা ও টা মিলবে। ডাইরেক্টরেট জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশনের রিপোর্ট অনুসারে আন্তর্দেশীয় বিমানবন্দর দিয়ে ১১.৬ মিলিয়ন যাত্রী জুলাই মাস পর্যন্ত চলাচল করেছেন। গত বছর এই একই সময়ের তুলনায় যাত্রীর সংখ্যা ২১ শতাংশ বেশি। তাই বিমানবন্দর কর্তৃপক্ষের কাছে গত মাসেই চিঠি দিয়ে পৃথক কাউন্টার খোলার সুপারিশ করা হয়েছে। তাঁদের মতে, এখন আর শুধুমাত্র অভিজাতরাই বিমানযাত্রা করেন না। সমাজের সব স্তরের মানুষই বিমানযাত্রায় শামিল হন। কিন্তু তাদের পক্ষে বিমানবন্দরের কাউন্টার থেকে চড়া দামে চা ও স্ন্যাক্স কেনা সম্ভব হয় না। সেই কারণে প্রতিটি বিমানবন্দরে পৃথক কাউন্টার খোলার নির্দেশগিয়েছে।

রাজীব গান্ধির হত্যাকারীদের মুক্তির সুপারিশ খারিজ করুন রাজ্যপাল, দাবি স্বামীর

নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর : বিজেপির ফায়ারব্র্যান্ড সাংসদ সুব্রহ্মণ্যম স্বামী প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধির ৭ হত্যাকারীকে মুক্তির যে সুপারিশ তামিলনাড়ু সরকার করেছে তা রাজ্যপাল বনোয়ারিলাল পুরোহিতের খারিজ করা উচিত বলে দাবি করেছেন। স্বামীর মতে, তামিলনাড়ু সরকার সুপারিশ করেছে মাত্র। এর সঙ্গে তামিলনাড়ুর রাজ্যপালের কোনও যোগ নেই। তিনি এককভাবে ক্ষমতাবিশিষ্ট। পণ্ডিত মানুষ, বনোয়ারিলাল পুরোহিত তাঁর পাণ্ডিত্য দিয়েই এই সুপারিশকে খারিজ করে দেবেন বলেও মন্তব্য করেছেন স্বামী।

অল ইন্ডিয়া আন্না দ্রাবিড় মুন্নোত্রা কাজাঘাম বা এআইএডিএমকে নেতা ডি জয়াকুমার গতকাল বলেন, মন্ত্রিসভা রাজ্যপাল বনোয়ারিলাল পুরোহিতের কাছে প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধির ৭ হত্যাকারীকে মুক্তির জন্য সুপারিশ করেছে। মুখ্যমন্ত্রী কে পালানিস্বামী এই সুপারিশ করবেন। এই ৭ দোষী হলেন, নলিনী, পেরারিভালান, মুরুগান, সান্থান, রবার্ট পায়াস, জয়া কুমার এবং রবিচন্দ্রন। তাঁদের প্রত্যেকেরই যাবজ্জীবন কারাদণ্ড হয়েছে। গত ২৭ বছর ধরে বন্দিজীবন ভোগ করছেন এই ৭ অভিযুক্ত।

জেলে গিয়ে নলিনীর সঙ্গে দীর্ঘ সময় কথা বলেছেন প্রয়াত রাজীব গান্ধির কন্যা প্রিয়াঙ্কা বঢড়া। তার ফাঁসি চাননি প্রিয়াঙ্কা, সোনিয়া বা রাহুল। সম্প্রতি এক সাক্ষাৎকারে কংগ্রেস সভাপতি রাহুল গান্ধিও জানিয়েছেন, এই ৭ বন্দির মুক্তি হলে তাঁদের কোনও আপত্তি নেই। কিন্তু রাজীবের হত্যাকারীদের মুক্তি নিয়ে আপত্তি জানালেন বিজেপি সাংসদ।

[redacted]

[redacted]

No. TN-1/DB/CDII/PP/2018-19/1216

ANDAMAN AND NICOBAR ADMINISTRATION
OFFICE OF THE EXECUTIVE ENGINEER
CONSTRUCTION DIVISION NO. II
ANDAMAN PUBLIC WORKS DEPARTMENT

Prothrapur dated the 30th Aug, 2018

CORRIGENDUM

The e- Tender Notice for the work of **1). Construction of Drainage system at Garacharma Colony Near School laid to avoid collection of Drain Water in the School Complex (DPC 2016-2017). (Unique No. APWD 863). 2) Providing pedestrian footpath along the side of rural road leading from main road Sippighat (ATR) to Bimblitan Andaman. (Unique No. APWD 864).** Published by this division vide No: TN-1/DB/CDII/PP/2018-19/1163 dt. 20/08/2018.

Due to Administrative reason, the bid submission end date and bid Opening date are here by extended as follows:

1. Bid Submission end date : 19/09/2018 instead of 05/09/2018
2. Bid Opening date : 20/09/2018 instead of 06/09/2018

All other terms and conditions shall remain unchanged.

The Corrigendum may be seen in web **site** https://eproc.andaman.gov.in

Executive Engineer
Construction Division No.II
A.P.W.D, Prothrapur

3084/18

কৈলাস-মানস সরোবরের পবিত্র জল মহাত্মার সমাধিতে ছেটালেন রাহুল

নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর : কংগ্রেস সভাপতি রাহুল গান্ধি সোমবার রাজঘাটে মহাত্মা গান্ধির সমাধিতে ছিটিয়ে দিলেন কৈলাস-মানস সরোবর থেকে আনা পবিত্র জল। রাহুল মানস সরোবর থেকে ফিরেই এদিন মহাত্মার সমাধিতে শ্রদ্ধা জানাতে যান। সেখানে দেখা যায়, পকেট থেকে একটি ছোট শিশি বার করে রাহুল মহাত্মার সমাধিতে পবিত্র জল ছিটিয়ে দিচ্ছেন। প্রসঙ্গত, কৈলাস-মানস সরোবর থেকে ফেরার পর এটিই ছিল তাঁর প্রথম জনসমক্ষে আসা। গত ৩১ আগস্ট শুরু হয়েছিল রাহুলের কৈলাস ও মানস সরোবর যাত্রা। রাজঘাটে শ্রদ্ধা নিবেদন করতে রাহুলের সঙ্গে আসেন এআইসিসি-র সাধারণ সম্পাদক অশোক গেহলট, প্রবীণ কংগ্রেস নেতা গুলাম নবি আজাদ এবং কংগ্রেসের আরও একাধিক নেতা। রামলীলা ময়দান থেকে মিছিল করে তারা রাজঘাটে আসেন। মাঝপথে মিছিলে যোগ দেন লোকতান্ত্রিক জনতা দল প্রধান শরদ যাদব, কংগ্রেসের সাধারণ সম্পাদক অম্বিকা সোনি এবং কংগ্রেসের আর এক প্রবীণ নেতা আহমেদ প্যাটেল।

প্রসঙ্গত, কংগ্রেস সভাপতি তাঁর মানস সরোবর যাত্রা সংক্ষিপ্ত করে আগেই দিল্লি ফিরে আসেন। সোমবার পেট্রোল, ডিজেল ও অন্যান্য জ্বালানির দাম বাড়ার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে তাঁর দল ভারত বন্‌ধের যে ডাক দিয়েছেন তাতে শামিল হতেই তিনি মানস যাত্রা সংক্ষিপ্ত করেছেন বলে জানা গেছে। দলীয় সূত্রে আগে জানানো হয়েছিল, বৃহস্পতিবার, শুক্রবার রাহুল কৈলাস-মানস সরোবর যাত্রা সেরে রাজধানীতে ফিরবেন। কিন্তু সোমবার হঠাৎই তিনি রাজঘাটে উপস্থিত হন। রাহুলের ঘনিষ্ঠ মহল থেকে বলা হয়েছে, জ্বালানির রেকর্ড দাম বাড়ার বিরুদ্ধে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তাঁর দল যে অভিযোগ এনেছে সেক্ষেত্রে দলের পাশে থাকতে চেয়েছেন বলেই রাহুল তড়িঘড়ি দিল্লি ফিরেছেন।

রাজনৈতিক মহলের একাংশের ধারণা, দল যখন ভারত বন্‌ধের ডাক দিয়েছে, সে সময় রাহুলের সম্ভাব্য অনুপস্থিতি নিয়ে বিজেপি তাঁকে লক্ষ্য করে আক্রমণ করত। কিন্তু তিনি রাজধানীতে ফিরে আসায় দেশজুড়েই দলীয় কর্মীদের তা নৈতিকভাবে চাঙ্গা করবে। প্রসঙ্গত, সোমবার দিনের ব্যস্ত সময়েই কংগ্রেসের দলীয় কর্মীদের পেট্রোল ও ডিজেলের রেকর্ড পরিমাণ দাম বাড়ার বিরুদ্ধে দেশের বিভিন্ন প্রান্তে রাস্তায় নেমে বিক্ষোভ জানাতে দেখা যায়। তেলেঙ্গানায় তারা প্ল্যাকার্ড হাতে নিয়ে স্লোগান দেয়। ওড়িশার সম্বলপুরে কংগ্রেস সদস্য-সমর্থকরা ট্রেন অবরোধ করেন।

উল্লেখ্য, ২১টি রাজনৈতিক দল কংগ্রেসের ডাকে ভারত বন্‌ধকে সমর্থন করেছে। কংগ্রেসের পক্ষে দাবি করা হয়েছে, এই বন্‌ধ শান্তিপূর্ণ রয়েছে। বহু অঞ্চলেই নিরাপত্তা ব্যবস্থাও কঠোর করা হয়েছে। বাম দলগুলিও পেট্রোল-ডিজেলের মূল্যবৃদ্ধির জন্য ভারত বন্‌ধের ডাক দেয়। তাদের ডাকা এই ভারত বন্‌ধকে সমর্থন করেছে প্রায় সব বিরোধী দল।

নির্ভয়া হত্যা মামলা নিয়ে তিহার জেল কর্তৃপক্ষকে নোটিস মহিলা কমিশনের

নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর : নির্ভয়া হত্যা মামলায় দোষীদের ফাঁসি কার্যকর করতে বিলম্ব নিয়ে প্রশ্ন তুলল জাতীয় মহিলা কমিশন। কমিশন এ নিয়ে তিহার জেল কর্তৃপক্ষকে একটি নোটিসও ধরিয়েছে। কমিশনের প্রধান স্বাতী মালিওয়াল এর আগেই বলেছিলেন, অপরাধীদের যথেষ্ট সময় দেওয়া হয়েছে যাতে তারা এই জঘন্য অপরাধ থেকে মানসিকভাবে মুক্তি পেতে পারেন। তিনি একইসঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছেও এমন একটি আইন প্রণয়নের দাবি করেছেন, যেখানে অন্তত নাবালিকাদের ধর্ষণে অভিযুক্তদের ৬ মাসের মধ্যে মৃত্যুদণ্ড কার্যকর করা হবে।

উল্লেখ্য, সুপ্রিম কোর্ট গত জুলাই মাসেই এই কুখ্যাত গণধর্ষণ মামলায় তিন অপরাধীকে মৃত্যুদণ্ড দেওয়ার বিষয়টি স্থগিত রাখে। মুকেশ (২৯), পবন গুপ্তা (২২) এবং বিনয় শর্মা (২৩) তাদের মৃত্যুদণ্ড কার্যকর না করার জন্য সুপ্রিম কোর্টে একটি রিভিউ পিটিশন দাখিল করেন। এরপরই শীর্ষ আদালত মৃত্যুদণ্ডের বিষয়টি স্থগিত রাখে। শীর্ষ আদালত যখন এই শাস্তি দিয়েছিল তখনই জানিয়েছিল, মৃত্যুদণ্ডের আসামিরা মনে করলে এই রায়ের বিরুদ্ধে শীর্ষ আদালতে আবেদন করতে পারে।

প্রসঙ্গত, এই গণধর্ষণ মামলায় আর এক অভিযুক্ত রাম সিং দিল্লির তিহার জেলে আগেই আত্মঘাতী হয়। অভিযুক্তদের একজন নাবালক হওয়ায় তাকে মুক্তি দিয়ে হোমে পাঠানো হয়। তিন বছর পর সেও ছাড়া পেয়েছে।

প্রতিভা ম্যানুফ্যাকচারিং অ্যান্ড মার্কেন্টিং লিমিটেড
CIN NO: L65993WB1974PLC029198
রেজি অফিস : ১৫, মহারানা প্রতাপ সরণী,
চতুর্থ তল, কলকাতা-৭০০০০১
ফোন নং : ০৩৩- ২২৩০ ০২৯২
E-mail id:mudrikagoods@gmail.com
Website : www.pmml.co.in

কোম্পানির ৪৪তম বার্ষিক সাধারণ সভা ২৮ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে বিকেল ৪টায় কোম্পানির রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে। ৪৪তম এজিএমের বিজ্ঞপ্তি সমস্ত শেয়ারহোল্ডারদের কাছে পাঠানো হয়েছে। কাট অফ তারিখ ২১ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ অনুযায়ী যারা সদস্য হয়েছেন, কেবলমাত্র তারা রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন অথবা সভাস্থলে উপস্থিত থেকে ভোট দিতে পারবেন। সদস্যদের রেজিস্টার ২৪ সেপ্টেম্বর, ২০১৮ থেকে ২৮ সেপ্টেম্বর, ২০১৮ পর্যন্ত বন্ধ থাকবে। রিমোট ই-ভোটিংয়ের মেয়াদ ২৫ সেপ্টেম্বর, ২০১৮ সকাল ৯টা থেকে শুরু হবে এবং শেষ হবে ২৭ সেপ্টেম্বর, ২০১৮ বিকেল ৫টায়। কোনও ব্যক্তি এজিএমের বিজ্ঞপ্তি প্রেরণের পরে কিন্তু কাট অফ তারিখে অথবা ওই তারিখের পূর্বে সদস্য হয়েছেন, তারা ইউজার আইডি ও পাসওয়ার্ডের জন্য সিডিএসএলের helpdesk.evoting@cdslindia.com-এ মেল পাঠাতে পারেন। যদি কোনও জিজ্ঞাস্য থাকে, তবে www.evotingindia.com-এ ম্যানুয়াল দেখতে পারেন অথবা ই-মেল পাঠাতে পারেন :helpdesk.evoting@cdslindia.com-এ।

প্রতিভা ম্যানুফ্যাকচারিং অ্যান্ড মার্কেন্টিং লিমিটেডের পক্ষে
পান্নালাল বাহেটি
ডিরেক্টর
স্থান : কলকাতা
তারিখ : ১০/০৯/২০১৮
DIN 02429498

ইউনিভার্সাল এন্টারপ্রাইজেস লিমিটেড
CIN NO: L51491WB1984PLC038118
রেজি অফিস : ১৫, মহারানা প্রতাপ সরণী,
চতুর্থ তল, কলকাতা-৭০০০০১
ফোন নং : ০৩৩- ২২৩০ ০২৯২
E-mail id:mudrikagoods@gmail.com
Website : www.universalenterprisesltd.co.in

কোম্পানির ৩৪তম বার্ষিক সাধারণ সভা ২৮ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে বিকেল ৩টায় কোম্পানির রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে। ৩৪তম এজিএমের বিজ্ঞপ্তি সমস্ত শেয়ারহোল্ডারদের কাছে পাঠানো হয়েছে। কাট অফ তারিখ ২১ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ অনুযায়ী যারা সদস্য হয়েছেন, কেবলমাত্র তারা রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন অথবা সভাস্থলে উপস্থিত থেকে ভোট দিতে পারবেন। সদস্যদের রেজিস্টার ২৪ সেপ্টেম্বর, ২০১৮ থেকে ২৮ সেপ্টেম্বর, ২০১৮ পর্যন্ত বন্ধ থাকবে। রিমোট ই-ভোটিংয়ের মেয়াদ ২৫ সেপ্টেম্বর, ২০১৮ সকাল ৯টা থেকে শুরু হবে এবং শেষ হবে ২৭ সেপ্টেম্বর, ২০১৮ বিকেল ৫টায়। কোনও ব্যক্তি এজিএমের বিজ্ঞপ্তি প্রেরণের পরে কিন্তু কাট অফ তারিখে অথবা ওই তারিখের পূর্বে সদস্য হয়েছেন, তারা ইউজার আইডি ও পাসওয়ার্ডের জন্য সিডিএসএলের helpdesk.evoting@cdslindia.com-এ মেল পাঠাতে পারেন। যদি কোনও জিজ্ঞাস্য থাকে, তবে www.evotingindia.com-এ ম্যানুয়াল দেখতে পারেন অথবা ই-মেল পাঠাতে পারেন :helpdesk.evoting@cdslindia.com-এ।

ইউনিভার্সাল এন্টারপ্রাইজেস লিমিটেডের পক্ষে
গোকুল চাঁদ দামানি
ডিরেক্টর
স্থান : কলকাতা
তারিখ : ১০/০৯/২০১৮
DIN 00191101

আরটিএস পাওয়ার কর্পোরেশন লিঃ
রেজি অফিস : ৫৬, নেতাজিসুভাষ রোড, দ্বিতীয় তল, কলকাতা-৭০০০০১
ফোন নং : (০৩৩)২২৪২-৬০২৫, ৯৮৩১০৩৯৯২৫, ফ্যাক্সঃ(০৩৩)২২৪২-৬৭৩২
Website : www.rtspower.com, E-mail Id : headoffice@rtspower.com
CIN NO: L17232WB1947PLC016105

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ২৯ আগস্ট, ২০১৮ তারিখের এজিএমের বিজ্ঞপ্তিতে বর্ণিত মতো কারবার পরিচালনা করতে কোম্পানি **৭০তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) শুক্রবার, ২৮ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে সকাল ১০.০০টায় ভারতীয় ভাষা পরিষদ, ৩৬এ শেক্সপিয়ার সরণী, কলকাতা-৭০০০১৭** ঠিকানায় অনুষ্ঠিত হবে।

পুনরায় বিজ্ঞাপিত করা হচ্ছে যে, কোম্পানি আইন, ২০১৩-এর ৯১ ধারা এবং কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর রুল ১০ এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস রেগুলেশনস, ২০১৫ (লিস্টিং রেগুলেশনস্)-এর রেগুলেশন ৪২ মতো সদস্য **রেজিস্টার এবং শেয়ার হস্তান্তর বই শনিবার, ২২ সেপ্টেম্বর, ২০১৮ থেকে শুক্রবার, ২৮ সেপ্টেম্বর, ২০১৮ (উভয় দিন সহ) বন্ধ থাকবে।**

এজিএম-এর বিজ্ঞপ্তি এবং ৩১ মার্চ, ২০১৮ তারিখে সমাপ্ত আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদন ডিপোজিটারি পার্টিসিপেন্টসে যে সব সদস্যদের ই-মেল আইডি নথিভুক্ত আছে তাদের সকলকে ইলেকট্রনিক কপি পাঠানো হয়েছে। এজিএমের বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদনের ফিজিক্যাল কপি সব সদস্যদের রেজিস্টার্ড ঠিকানায় অনুমোদিত মোডে পাঠানো হয়েছে। এজিএমের বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট :www.rtspower.com পাওয়া যাবে।

কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) সংশোধিত রুলস, ২০১৪'র সংশোধিত মতো কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪'র রুল ২০ এবং লিস্টিং রেগুলেশনস্-এর রেগুলেশন ৪৪এর সঙ্গে পঠনীয় কোম্পানি আইন ২০১৩'র ধারা ১০৮এর শর্তাবলী অনুযায়ী এবং ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়া কর্তৃক ইস্যুকৃত সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড অন জেনারেল মিটিংস (এস এস-২) অনুসারে নোটিস বিবৃতমতো সমস্ত প্রস্তাবের উপর বৈদ্যুতিন মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের সুবিধার ব্যবস্থা কোম্পানি করেছে। এ বিষয়ে অন্যান্য বিস্তারিত তথ্য নিম্নরূপ :

১. যেসব সদস্য ফিজিক্যাল আকারে অথবা ডেমেটেরিয়ালাইজড আকারে **কাট অফ তারিখ ২১ সেপ্টেম্বর, ২০১৮তে শেয়ার অধিকারে রেখেছেন, তারা রিমোট ই-ভোটিং অথবা সাধারণ সভায় ভোটদানের সুবিধাপ্রাপ্ত হবেন।**
২. ভোটাধিকার প্রয়োগের সুবিধা ('রিমোট ই-ভোটিং') এর স্থানব্যতীত অন্যত্র থেকেও সদস্যরা ভোটদানের সুযোগ পাবেন। ভোটপ্রক্রিয়া সেন্ট্রাল ডিপোজিটারি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) কর্তৃক নিয়ন্ত্রিত হবে।
৩. ব্যালট পেপার অথবা পোলিং পেপারের মাধ্যমে ভোটিংয়ের সুবিধা এজিএমে পাওয়া যাবে এবং যে সমস্ত সদস্য রিমোট ই-ভোটিং ব্যবহার করে ভোটদান করেননি, তারা সবাই ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।
৪. রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে যেসব সদস্য ভোট দিয়েছেন তারা সবাই উপস্থিত থাকলেও পুনরায় ভোটদানের সুবিধা পাবেন না।
৫. **ই-মেল মারফত সিডিএসএলের মাধ্যমে এজিএমের বিজ্ঞপ্তি পাঠানো সম্পূর্ণ হয়েছে :** বুধবার ৫ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে এবং ক্যুরিয়ার সার্ভিসের মাধ্যমে সোমবার ৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখে।
৬. **রিমোট ই-ভোটিংয়ের মেয়াদ শুরু হবে** মঙ্গলবার ২৫ সেপ্টেম্বর, ২০১৮ (সকাল ৯.০০টা) তারিখে এবং শেষ হবে বৃহস্পতিবার, ২৭ সেপ্টেম্বর, ২০১৮ (বিকেল ৫.০০টায়) তারিখে।
৭. ইলেকট্রনিক মাধ্যমে ই-ভোটিং বৃহস্পতিবার ২৭ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে বিকেল ৫টার পরে **আর বৈধ বলে গণ্য হবে না।**
৮. এজিএমের বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট :www.rtspower.com এবং সিডিএসএলের ওয়েবসাইট :www.evotingindia.com-এ পাওয়া যাবে।
৯. যে বিনিয়োগকারী কোম্পানি কর্তৃক বিজ্ঞপ্তি প্রেরণের পরবর্তীকালে সদস্য হয়েছেন এবং **কাট অফ তারিখ ২১ সেপ্টেম্বর, ২০১৮**তে শেয়ার অধিকারে রেখেছেন, তাঁদের ফোলিও নম্বর/ডিপি আইডি এবং ক্লায়েন্ট আইডি, লগ ইন আইডি এবং পাসওয়ার্ড সহ লিখিতভাবে বা কোম্পানির ই-মেলে :headoffice@rtspower.com- এ পাঠাতে অনুরোধ করা হচ্ছে।
১০. যে কোনও জিজ্ঞাস্য ও সহায়তার জন্য আপনি যোগাযোগ করতে পারেন, কোম্পানির সেক্রেটারিয়াল বিভাগের শ্রী পিনাকপাণি ভট্টাচার্যের সঙ্গে কোম্পানির ইমেল অ্যাড্রেস :headoffice@rtspower.com- এ অথবা টেলিফোন নম্বর (০৩৩) ২২৪২-৬০২৫-এ।

বোর্ডের আদেশানুসারে
আরটিএস পাওয়ার কর্পোরেশন লিমিটেডের
পক্ষে
রাজেন্দ্র ভুতোরিয়া
পূর্ণ সময়কালীন ডিরেক্টর
DIN 00013637
স্থান : কলকাতা
তারিখ : ৬ সেপ্টেম্বর, ২০১৮

২০১৯-এর সাধারণ নির্বাচনে সম্ভবত অংশ নেবেন না পোল স্ট্র্যাটেজিস্ট প্রশান্ত কিশোর

হায়দরাবাদ, ১০ সেপ্টেম্বর : ২০১৯-এর সাধারণ নির্বাচনের ঘণ্টা বেজে গিয়েছে অনেকদিন আগেই। শাসক ও বিরোধী দলগুলি একে অন্যের দিকে এখনও অস্ত্র শানাতে শুরু করেছে। অথচ কোনও কাজ নেই পোল স্ট্র্যাটেজিস্ট হিসেবে রাতারাতি বিখ্যাত হয়ে ওঠা প্রশান্ত কিশোরের। ২০১৯-এর সাধারণ নির্বাচনে কোনও দলই তাঁর কৌশল কাজে লাগাতে চায় না। সেকথা নিয়ে এতদিন গুঞ্জন শোনা যাচ্ছিল। এবার প্রশান্ত নিজেই তা স্বীকার করে নিয়েছেন। কিছুটা মনমরা হয়েই এই পোল স্ট্র্যাটেজিস্ট সাংবাদিকদের জানিয়েছেন, নেতাদের জন্য তিনি প্রচুর পরিশ্রম করেছেন। এবার চান একেবারে তৃণমূল স্তরে ফিরে গিয়ে কাজ করতে। রাজনৈতিক নেতাদের দেখার পরই হয়তো আর রাজনীতিতে যোগ দেওয়ার কোনও আগ্রহ নেই তাঁর। হায়দরাবাদে ইন্ডিয়ান স্কুল অফ বিজনেসের এক সভায় ছাত্রদের সঙ্গে পরিচিত হতে গিয়ে অনেক কথাই বলেন কিশোর। একদা বিখ্যাত এই পোল স্ট্র্যাটেজিস্ট আরও জানিয়েছেন, তিনি রাজনৈতিক পরিসর ছেড়ে দিতে চান। তবে সেই চরম সিদ্ধান্ত নেওয়ার আগে তিল তিল করে গড়ে তোলা তাঁর সাধের সংগঠন আই-পিএসিকে কোনও সুরক্ষিত হাতে তুলে দিতে চান।

এক প্রশ্নের উত্তরে ৪১ বছর বয়স্ক এই পোল স্ট্র্যাটেজিস্ট দাবি করেছেন, তিনি গুজরাত বা বিহারে ফিরে গিয়ে একেবারে তৃণমূল স্তর থেকে কাজ করতে চান। প্রসঙ্গত, ২০১৪'র সাধারণ নির্বাচনে কিশোর বিজেপির হয়ে নির্বাচনের কৌশল স্থির করেন। ফলে জয়জয়কার হয় তাঁর। বিহারেও তিনি সাহায্য করেন বিধানসভা নির্বাচনে লালুপ্রসাদ ও নীতীশের জোটকে ক্ষমতায় আসতে। উত্তর প্রদেশ বিধানসভা নির্বাচনে কংগ্রেস প্রথমে তাঁকে নিয়োগ করলেও পরে সরিয়ে দেওয়া হয়। তারপর থেকে আর কোনও দলই ডাকেনি এই পোল স্ট্র্যাটেজিস্টকে। এদিন তিনি সাংবাদিকদের বলেছেন, মোদীর সঙ্গে তিনি প্রধানমন্ত্রী হওয়ার পর তাঁর কখনও দেখা হয়নি। তবে তাঁর মা যখন মৃত্যুসজ্জায় ছিলেন, তখন প্রধানমন্ত্রী ডেকে পাঠিয়ে জানতে চেয়েছিলেন মায়ের স্বাস্থ্যের খবর। তারপর থেকে আর মোদীর সঙ্গে তাঁর দেখা হয়নি। আগামী নির্বাচনে মোদীর হয়ে নির্বাচনী কৌশল স্থির করার কোনও পরিকল্পনাই তাঁর নেই।